দৈনিক
ইনকিলাব

তারিখ ... 26 JUL 2009 ...
পৃষ্ঠা ... ১৬ কলাম ... ৬

## ৩২ হাজার ৭২২ জন কৃতকার্য

# দিনাজপুর বোর্ডে পাসের হার ৫৫.৯০ শতাংশ

দিনাজপুর অফিস

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড দিনাজপুরের অধীন প্রথমবারের মত এসএসসির পর প্রকাশিত এইচএসসি পরীক্ষার ফলাফলে ৫৮ হাজার ৫৪১ জন পরীক্ষার্থীর মধ্যে ৩২ হাজার ৭২২ জন কৃতকার্য হয়েছেন। পাসের হার ৫৫.৯০ শতাংশ। শিক্ষাবোর্ড কর্তৃপক্ষের মাধ্যমে জানা যায়, বৃহত্তর দিনাজপুর ও বৃহত্তর রংপুরের ৮টি জেলা নিয়ে গঠিত এই শিক্ষা বোর্ডের অধীন প্রথম বারের মত এইচএসসি পরীক্ষার ফলাফল

পৃঃ ১২ কঃ ৬

# দিনাজপুর বোর্ডে ৩২ হাজার

*১৬-এর পৃষ্ঠার পর*

প্রকাশিত হল। মোট ৪৮১টি শিক্ষা প্রতিষ্ঠানের ৫৯ হাজার ৩৯৩ জন পরীক্ষার্থীর মধ্যে ৫৮ হাজার ৫৪১ জন এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে। এর মধ্যে কৃতকার্য পরীক্ষার্থীর সংখ্যা ৩২ হাজার ৭২২ জন। পাসের হার ৫৫.৯০ শতাংশে। আরো জানা যায়, এবারের পরীক্ষায় ৩০ হাজার ২১৮ জন ছাত্র এবং ২৮ হাজার ৩২৩ জন ছাত্রী অংশগ্রহণ করে। এর মধ্যে জিপিএ-৫ পেয়েছে ১ হাজার ৩৮৮ জন, জিপিএ ৪ থেকে ৫-এর নিচে ৬ হাজার ১০৯ জন, জিপিএ ৩.৫ থেকে ৪-এর নিচে ৬ হাজার ৩৫৯জন, জিপিএ ৩ থেকে ৩.৫-এর নিচে ৭ হাজার ১৩৬জন, জিপিএ ২ থেকে ৩-এর নিচে পেয়েছে ৯হাজার ৮১৭জন এবং জিপিএ ১ থেকে ২-এর নিচে পেয়েছে ১হাজার ৯১৩জন। শতভাগ কৃতকার্য হয়েছে ১টি শিক্ষা প্রতিষ্ঠান। শতভাগ অকৃতকার্য প্রতিষ্ঠানে সংখ্যা ৮টি।

বিজ্ঞান বিভাগে ১৩ হাজার ৪৭৯জন পরীক্ষার্থীর মধ্যে ৮হাজার ৪৮৮জন কৃতকার্য হয়েছে, পাসের হার ৬২ দশমিক ৯৭শতাংশ, মানবিক বিভাগে ৩৪হাজার ৬৬১জন পরীক্ষার্থীর মধ্যে ১৭হাজার ৬৭২জন কৃতকার্য হয়েছে, পাসের হার ৫০ দশমিক ৯৯ শতাংশ এবং বাণিজ্যিক বিভাগে ১০ হাজার ৪০১ জন পরীক্ষার্থীর মধ্যে ৬ হাজার ৫৬২ জন কৃতকার্য হয়েছে, পাসের হার ৬৩ দশমিক ০৯ শতাংশ। পরীক্ষা নিয়ন্ত্রক জানান, এই শিক্ষা বোর্ডের অধীন প্রাপ্ত ফলাফলে মেয়েদের তুলনায় ছেলেরা এগিয়ে রয়েছে। ৩০ হাজার ২১৮ জন ছাত্রের মধ্যে ১৭হাজার ১ শ' জন কৃতকার্য হয়েছে, পাসের হার ৫৬.৫৯। অপরদিকে ২৮হাজার ২২১জন ছাত্রীর মধ্যে ১৫হাজার ৬২২জন কৃতকার্য হয়েছে, পাসের হার ৫৫.১৬।

### দিনাজপুর শিক্ষা বোর্ডের অধীন জিপিএ-৫ প্রাপ্ত সেরা ১০ কলেজ

**দিনাজপুর অফিস ঃ** মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড দিনাজপুরের অধীন এইচএসসি পরীক্ষার ফলাফলে জিপিএ-৫ প্রাপ্ত সেরা ১০টি কলেজ হচ্ছে, রংপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ থেকে ৪১৭জন পরীক্ষার্থীর মধ্যে ১৮২জন, রংপুর সরকারি কলেজ ৭৩০জন পরীক্ষার্থীর মধ্যে ১৪৮জন, দিনাজপুর সরকারি কলেজ থেকে ৮০৮জন পরীক্ষার্থীর মধ্যে ১২৯জন, নীলফামারী জেলার সৈয়দপুর ক্যান্টপাবলিক পাবলিক স্কুল এন্ড কলেজ ২৯৩জন পরীক্ষার্থীর মধ্যে ১০৪জন, নীলফামারী জেলার সৈয়দপুর সরকারি টেকনিক্যাল কলেজ ১৫৭ জন পরীক্ষার্থীর মধ্যে ৭১জন, দিনাজপুরের পার্বতীপুর শহীদ মাহবুব সেনানিবাস ক্যান্টপাবলিক স্কুল এন্ড কলেজ ৩০২জন পরীক্ষার্থীর মধ্যে ৬৭জন, রংপুর পুলিশ লাইন স্কুল এন্ড কলেজ ৪৯৪ জন পরীক্ষার্থীর মধ্যে ৬২ জন, রংপুর ক্যাডেট কলেজ রংপুর ৪৮জন পরীক্ষার্থীর মধ্যে ৪৫ জন, ঠাকুরগাঁও সরকারি কলেজ ৬৭৭জন পরীক্ষার্থীর মধ্যে ৪৩জন এবং গাইবান্ধা সরকারি কলেজ ৫০৬ জন পরীক্ষার্থীর মধ্যে ৩৫জন জিপিএ ৫ পেয়েছে।